তারিখ 28 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ভবন আছে শিক্ষক-শিক্ষার্থী নামমাত্র

■ **মোতাহার আলম চৌধুরী,** *মদন (নেত্রকোনা)*



ভবন আছে– শিক্ষক-শিক্ষার্থী নেই, এমন একটি শিক্ষা প্রতিষ্ঠান নেত্রকোনার মদন উপজেলার বালালী-বাগমারা শাহজাহান মহাবিদ্যালয়। যোগাযোগ বিচ্ছিন্ন এলাকায় শিক্ষানুরাগী লে.কর্নেল শাহজাহান উদ্দিন ভূঞা ১৯৯৮ সালে এ প্রতিষ্ঠানটি গড়ে তোলেন। ১০ শিক্ষক ও শতাধিক শিক্ষার্থী নিয়ে এ কলেজের কার্যক্রম শুরু হলে সরকার প্রতিষ্ঠানের গুরুত্ব অনুধাবন করে ২০০৫ সালে প্রায় কোটি টাকা ব্যয়ে একটি তিনতলা ভবন নির্মাণ করে। কিন্তু কলেজটি এমপিওভুক্ত না হওয়ায় এবং প্রতিষ্ঠাতার মৃত্যুর পর লেখাপড়া না হওয়ায় শিক্ষার্থীরা চলে যায় অন্যত্র। ফলে ভবনটি প্রায় পরিত্যক্ত অবস্থায় পরে রয়েছে। বর্তমানে এখানে শিক্ষক-শিক্ষার্থী নেই বললেই চলে। কলেজের অধ্যক্ষ রোকন উদ্দিন আহম্মদ জানান, দরিদ্র পরিবারের উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের ঝরেপড়া থেকে রক্ষার লক্ষ্যে কলেজের যাত্রা শুরু করা হলেও এমপিওভুক্ত না হওয়ায় কলেজটি বিপর্যয়ে পড়ে। কলেজটিকে এমপিওভুক্ত করা হলে যোগাযোগ বিচ্ছিন্ন ঝরেপড়া শিক্ষার্থীরা উচ্চ মাধ্যমিকে পড়া-লেখার সুযোগ পাবে। কলেজে অধ্যয়নরত দরিদ্র শিক্ষার্থী মো. গোলাপ মিয়া জানায়, কলেজটি এমপিওভুক্ত হলে আমার মতো দরিদ্র শিক্ষার্থীরা পড়া লেখার সুযোগ পাবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আ. রশীদ জানান, এ কলেজটিতে ৮ জন শিক্ষার্থী রয়েছে। এর মধ্যে দু'জন উপবৃত্তি পাচ্ছে। কলেজটি এমপিওভুক্ত করার যাবতীয় কাগজপত্র সংশ্লিষ্ট দপ্তরে জমা রয়েছে।